রাসিক কল সেন্টার
হেল্পলাইন নম্বর ১৬১০৫

# রাজশাহী সিটি কর্পোরেশন
## রাজশাহী
erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৭ম পরিষদের ৩য় সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন), মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ০৪.০৩.২০২৪ খ্রিষ্টাব্দ (২০.১১.১৪৩০ বঙ্গাব্দ), বেলা ১১.০০ ঘটিকা।
স্থান : নগর ভবনের নির্ধারিত সভাকক্ষ (এনেক্স ভবন),
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। অত:পর সভার আলোচ্যসূচির ক্রমিক অনুযায়ী আলোচনার জন্য সচিবকে আহবান করেন। তৎপ্রেক্ষিত সভায় যথাক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**আলোচ্যসূচি- ০১ : গত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ৩য় সাধারণ সভা পর্যন্ত অত্র কর্পোরেশনের জনসংযোগ শাখা হতে প্রাপ্ত তথ্যানুযায়ী পরলোকগতদের জন্য শোক প্রস্তাব গ্রহণ ।**

**আলোচনা :** গত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ৩য় সাধারণ সভা পর্যন্ত সময়কালে যে সকল বিশিষ্ট ব্যক্তি পরলোকগমন করেছেন তাঁদের নামের তালিকা (পরিশিষ্ট-'গ') সভায় উপস্থাপিত হয়। পরিশিষ্ট-'গ' তে বর্ণিত (উনত্রিশ) জনসহ দেশে বিদেশে যে সকল বাংলাদেশী নাগরিক ইন্তেকাল করেছেন তাঁদের বিদেহী আত্মার প্রতি গভীর সম্মান জানিয়ে সভায় শোক প্রস্তাব করে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করা হয়।

**সিদ্ধান্ত :** গত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ৩য় সাধারণ সভা পর্যন্ত পরলোকগত উল্লিখিত (পরিশিষ্ট-'গ') ব্যক্তিবর্গের অনুকূলে শোক প্রস্তাব গৃহীত হলো। তাঁদের বাসার ঠিকানায় শোকবার্তা প্রেরিত হবে। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০২ : গত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ২য় সাধারণ সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ।**

**আলোচনা :** সচিব গত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ২য় সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়করণের নিমিত্ত সভায় পাঠ করেন এবং এবিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব তৌহিদুল হক উল্লিখিত সাধারণ সভার ৩ নং সিদ্ধান্তের বিষয়ে বলেন; গঠিত স্থায়ী কমিটিসমূহ দায়িত্ব-কর্তব্য পালনে ব্যর্থ হলে যেকোন সময় সেগুলিকে পরিবর্তন ও পরিমার্জনের ক্ষমতা মাননীয় মেয়র কে অর্পন করা যেতে পারে, উপস্থিত সকলে তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। অত:পর উপস্থিত সদস্যবৃন্দ শ্রবনান্তে কোন ধরণের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে অনুমোদনের পক্ষে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** (ক) গত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ২য় সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ কোন ধরণের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

(খ) গঠিত স্থায়ী কমিটিসমূহ দায়িত্ব-কর্তব্য পালনে ব্যর্থ হলে যেকোন সময় সেগুলিকে পরিবর্তন ও পরিমার্জনের ক্ষমতা মাননীয় মেয়র কে অর্পন করা হলো মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০৩: অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির নিম্নোক্ত সভাসমূহের সুপারিশ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

(ক) ০৫-০২-২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভা ও ০৬-০২-২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার মোট ২৫ (পঁচিশ) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার সর্বমোট ২৫ (পঁচিশ) টি সুপারিশ অনুমোদিত হলো। বাস্তবায়নে : বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ০৪ : যোগাযোগ স্থায়ী কমিটি ঃ

(ক) ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৪ (চার) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

(খ) ১১-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ২৪-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার ০৬ (ছয়) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

(গ) ২২-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৩ (তিন) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : যোগাযোগ স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক), (খ) এবং (গ) এর সভার সর্বমোট ১৩ (তেরো) টি সুপারিশ অনুমোদিত হলো। বাস্তবায়নে : প্রধান প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাসিক।

আলোচ্যসূচি- ০৫ : পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি ঃ

(ক) ২৫-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০১ (এক) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার ০১ (এক) টি সুপারিশ অনুমোদিত হলো।

বাস্তবায়নে : প্রধান প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাসিক।

আলোচ্যসূচি- ০৬ : শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ঃ

(ক) ১১-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ১২-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার ০২ (দুই) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।(শিক্ষা)

(খ) ০২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ০২ (দুই) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়। (স্বাস্থ্য)

(গ) ২২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ১০ (দশ) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়। (স্বাস্থ্য)

(ঘ) ২৯-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৪ (চার) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়। (স্বাস্থ্য)

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহের মধ্যে সভা (ক) এর ১ (ক) নং সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনায় শিক্ষিকাবৃন্দের মাসিক বেতন সর্বসাকুল্যে ৮০০০ (আট হাজার) টাকা নির্ধারণ এবং তা মার্চ ২০২৪ খ্রি: তারিখ হতে কার্যকর করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। ১ (খ) নং সুপারিশের আলোকে উক্ত স্থায়ী কমিটির সভাপতি ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব তৌহিদুল হক প্রাক প্রাথমিক কেন্দ্রসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার বাজেট সভায় উপস্থাপন করেন। তার উপস্থাপিত বাজেট ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা অনুমোদনের পক্ষে উপস্থিত সকলে একমত পোষণ করেন। সম্পর্কে বিস্তারিত আলোচনায় অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর ১ (ক) নং সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে শিক্ষিকাবৃন্দের মাসিক বেতন সর্বসাকুল্যে ৮০০০/= (আট হাজার) টাকা নির্ধরণ এবং তা মার্চ ২০২৪ খ্রি: তারিখ হতে কার্যকর করা এবং ১ (খ) নং সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে প্রাক প্রাথমিক কেন্দ্রসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সভা (খ), (গ) ও (ঘ) এর সর্বমোট ১৬ (ষোল) টি সুপারিশ অনুমোদিত হলো। বাস্তবায়নে : প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৭ : মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ঃ**

(ক) ৩০-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ৩১-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার ০২ (দুই) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনায় সুপারিশ ২ (ক) সম্পর্কে সভাপতি বলেন মহানগরবাসীর জন্ডিস তথা হেপাটাইটিস- এ এবং হেপাটাইটিস- ই ভাইরাস প্রতিরোধে মহানগরীর ড্রেনের সাথে সুয়ারেইজের লাইন থেকে সাপ্লাই পানির পাইপ আলাদা করা এবং সাপ্লাই পানির পাইপ কোনো অংশে ভেঙ্গে গেলে দ্রুত মেরামতের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য ওয়াসা কর্তৃপক্ষকে পত্র প্রদান করা যেতে পারে। উপস্থিত সকলে তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। এছাড়া অন্যান্য সুপারিশসমূহ অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার ২ (ক) মহানগরবাসীর জন্ডিস তথা হেপাটাইটিস- এ এবং হেপাটাইটিস- ই ভাইরাস প্রতিরোধে মহানগরীর ড্রেনের সাথে সুয়ারেইজের লাইন থেকে সাপ্লাই পানির পাইপ আলাদা করা এবং সাপ্লাই পানির পাইপ কোনো অংশে ভেঙ্গে গেলে দ্রুত মেরামতের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য ওয়াসা কর্তৃপক্ষকে পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিস্তারিত আলোচনান্তে অন্যান্য সুপারিশসমূহ অনুমোদিত হলো। **বাস্তবায়নে :** প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৮ : জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটিঃ**

(ক) ২২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৪ (চার) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনায় উল্লিখিত সভার ৩ নং সুপারিশ 'সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করা শাস্তিযোগ্য অপরাধ তা ব্যানার আকারে ঝুলাতে হবে। জন্ম নিবন্ধন না করলে আইনানুগ শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং উক্ত ব্যাক্তিকে ৫০০০/- (পাঁচ হাজার ) টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হবে' এর স্থলে 'সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করা বাধ্যতামূলক এবং এই আইন না মানা শাস্তিযোগ্য অপরাধ' প্রতিস্থাপনপূর্বক অন্যান্য সুপারিশসমূহ অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার ৩ নং সুপারিশ 'সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করা শাস্তিযোগ্য অপরাধ তা ব্যানার আকারে ঝুলাতে হবে। জন্ম নিবন্ধন না করলে আইনানুগ শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং উক্ত ব্যাক্তিকে ৫০০০/- (পাঁচ হাজার ) টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হবে' এর স্থলে 'সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করা বাধ্যতামূলক এবং এই আইন না মানা শাস্তিযোগ্য অপরাধ' প্রতিস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত কমিটির উপস্থাপিত এছাড়া ০৪ (চার) টি সুপারিশ অনুমোদিত হলো। **বাস্তবায়নে :** প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৯ : পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি ঃ**

(ক) ০৫-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৭ (সাত) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার ০৭ (সাত) টি সুপারিশ অনুমোদিত হলো। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**আলোচ্যসূচি- ১০ : পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ঃ**

(ক) ১৮-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৫ (পাঁচ) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

(খ) ২৮-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৪ (চার) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এবং (খ) এর সভার ০৯ (নয়) টি সুপারিশ অনুমোদিত হলো। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী এবং পরিবেশ উন্নয়ন কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ১১ : সিটি কর্পোরেশন টাস্কফোর্স কমিটির গত ০৪-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।**

আলোচনা : উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** সিটি কর্পোরেশন টাস্কফোর্স কমিটির গত ০৪-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৫ (পাঁচ) টি সুপারিশ অনুমোদিত হলো। বাস্তবায়নে : প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ১২ : রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদান প্রসঙ্গে।**

আলোচনা : উপস্থাপিত আলোচ্যসূচির বিষয়ে সভায় প্রকাশ পায় যে, সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ প্রদানের নিমিত্ত এনা প্রোপার্টিজ লিঃ, তহুরা হক, ব্যবস্থাপনা পরিচালক, পিতা- মৃতঃ আব্দুল মান্নান, সাং- সাঁকোয়া, কামারবাড়ী, বাগমারা, রাজশাহী কর্তৃক ১৮-০১-২০২৩ খ্রিঃ তারিখে দাখিলকৃত দরপত্রের সর্বোচ্চ দর ১১,১৩,০০,০০০.০০ (এগারো কোটি তের লক্ষ) টাকা গৃহীত হয়। গৃহীত দরের মধ্যে জমা হয়েছে (১,৮৫,৫০,০০০.০০ + ১,৮৫,৫০,০০০.০০) = ৩,৭১,০০,০০০.০০ (তিন কোটি একাত্তর লক্ষ) টাকা। অবশিষ্ট পাওনা ৭,৪২,০০,০০০.০০ (সাত কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা এবং আয়কর বাবদ বরাদ্দ মূল্যের উপর ১০% হারে ১,১১,৩০,০০০.০০ (এক কোটি এগারো লক্ষ ত্রিশ হাজার) টাকা ও ১৫% মূল্য সংযোজন কর হিসেবে ১,৬৬,৯৫,০০০.০০ (এক কোটি ছিষট্টি লক্ষ পচানব্বই হাজার) টাকা জমা প্রদানের জন্য ৪ (চার) বার এবং পরবর্তীতে চূড়ান্ত পত্র দেয়া হয়। তারপরেও কোন টাকা জমা প্রদান করেননি। এমতাবস্থায় বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্পোরেশনের নিয়োজিত আইনজীবির নিকট লিগ্যাল ওপেনিওন সংগ্রহপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমার বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্পোরেশনের নিয়োজিত আইনজীবির নিকট লিগ্যাল ওপেনিওন সংগ্রহপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো । **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৩ : পারচেজ কমিটি গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে ২২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আব্দুল হামিদ সরকার বলেন কর্পোরেশন কর্তৃক বিভিন্ন মালামাল ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ইতোপূর্বে অত্র কর্পোরেশনে পারচেজ কমিটি গঠিত হয়েছিল। তিনি বিগত সময়ে গঠিত পারচেজ কমিটি রুপরেখা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে আইনের মধ্যে থেকে একটি ক্রয় কমিটি গঠনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ক্ষমতা প্রদানের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** কর্পোরেশন কর্তৃক বিভিন্ন মালামাল ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং গুনগত মান নিশ্চিত করার স্বার্থে আইনের মধ্যে থেকে একটি ক্রয় কমিটি গঠনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ক্ষমতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বাস্তবায়নে : সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৪ : ওয়ার্ড পর্যায়ে ডিজিটাল সেন্টার স্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, গত ১৯.০২.২০২৪ খ্রি: তারিখ এটুআই এর Gmail : ranto Ranman<prantorahman.01@gmail.com হতে প্রাপ্ত পত্রের মর্মানুযায়ী তথ্য প্রদান করা হয়েছে। তিনি বলেন ওয়ার্ড পর্যায়ে কর্পোরেশনের নিজস্ব জায়গা না থাকায় ভাড়া করা ৩০টি ওয়ার্ড কার্যালয়ে অস্থায়ী ডিজিটাল

কার্যক্রম চলমান রয়েছে, অবশিষ্ট ১০টি সংরক্ষিত আসন কার্যালয়ে ডিজিটাল সেন্টার স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে পর্যায়ক্রমে সকল ওয়ার্ড পর্যায়ে পূর্ণাঙ্গ ডিজিটাল সেন্টার স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। উপস্থিত সদস্যগণ তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে পর্যায়ক্রমে সকল ওয়ার্ড পর্যায়ে পূর্ণাঙ্গ ডিজিটাল সেন্টার স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৫ : গত ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশন এবং সোনার বাংলা ফাউন্ডেশন মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক সম্পর্কে অবহিতকরণ।**

আলোচনা : সচিব আলোচ্য বিষয়টি সভায় অবহিত করেন। উল্লিখিত সমঝোতা স্মারক কর্পোরেশনের স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাসহ সময়োপযোগী হয়েছে এবং সভায় অবহিত ও অনুমোদিত হয়েছে মর্মে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশন এবং সোনার বাংলা ফাউন্ডেশনের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক সভায় অবহিত ও অনুমোদিত হয়েছে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৬ : স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন - ১ শাখার গত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২১-২০৮ নং স্মারকে সিটি কর্পোরেশনের সম্মানিত কাউন্সিলরগণের মাসিক সম্মানি ও সভায় উপস্থিত ভাতা পুনঃনির্ধারণ সম্বলিত প্রজ্ঞাপনের গেজেট সম্পর্কে অবহিতকরণ।**

আলোচনা : সচিব আলোচ্য বিষয়টি সভায় অবহিত করেন। উল্লিখিত গেজেট সভায় অবহিতকরণ হয়েছে মর্মে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণ বর্তমান বাজার মূল্য বিবেচনায় নিয়ে তাদের অফিস ব্যবস্থাপনা খরচ ৮০০০/= এবং অফিস ভাড়া ২৫০০০/= টাকা পুন:নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** (ক) বর্তমান বাজার মূল্য বিবেচনায় নিয়ে সম্মানিত কাউন্সিলরগণের অফিস ব্যবস্থাপনা খরচ ৮০০০/= এবং অফিস ভাড়া ২৫০০০/= টাকা পুন:নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৭ : রাজশাহী মহানগরীর চকপাড়া এলাকায় স্যাটেলাইট টাউন তৈরীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা : সচিব আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় প্রকাশ পায় বাংলাদেশের বিভিন্ন সিটি কর্পোরেশন আবাসিক এলাকা/ল্যান্ড ডেভেলপমেন্ট এর মাধ্যমে সফলতা অর্জন করেছে বিশেষ করে চট্টগ্রাম ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন উল্লেখযোগ্য। তাদের আদলে রাজশাহী সিটি কর্পোরেশন এধরনের প্রকল্প গ্রহণ করলে সফল হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন এবং রাজশাহী মহানগরীর চকপাড়া এলাকায় স্যাটেলাইট টাউন তৈরীর জন্য দ্রুত ফিজিবিলিটি স্টাডি করাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন। উপস্থিত সকলে তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী মহানগরীর চকপাড়া এলাকায় স্যাটেলাইট টাউন তৈরীর জন্য দ্রুত ফিজিবিলিটি স্টাডি করাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**আলোচ্যসূচি- ১৮ : সম্মানিত কাউন্সিলরগণের আবেদনের মাধ্যমে ওয়ার্ড কার্যালয়সমূহের শ্রমিক পরিবর্তন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা : সচিব আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় প্রকাশ পায়; ওয়ার্ড কার্যালয়ে নিয়োজিত যেসকল দৈনিক মজুরীভিত্তিক কর্মচারী শারিরীকভাবে অক্ষম বা তার উপর অর্পিত দায়িত্ব পালনে অনিহা পরিলক্ষিত হবে তাদের স্থলে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর এর সুপারিশ/অভিপ্রায় অনুযায়ী নতুন শ্রমিক নিয়োজিত করা যাবে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** ওয়ার্ড কার্যালয়ে নিয়োজিত যেসকল দৈনিক মজুরীভিত্তিক কর্মচারী শারিরীকভাবে অক্ষম বা তার উপর অর্পিত দায়িত্ব পালনে অনিহা পরিলক্ষিত হবে তাদের স্থলে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর এর সুপারিশ/অভিপ্রায় অনুযায়ী নতুন শ্রমিক নিয়োজিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৯ : ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন পত্র গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে ২১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র - ১ বলেন বর্তমানে মহানগরীর বিভিন্ন ওয়ার্ডে ব্যাপকভাবে উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে, সেক্ষেত্রে কাজের মান ও পরিমাপ সঠিককরণের জন্য সংশ্লিষ্ট কাউন্সিলরের নিকট ঠিকাদারী প্রতিষ্টানের কোন জবাবদিহিতার ব্যবস্থা না থাকায় তাদের স্বেচ্ছাচারিতা এবং সমন্বয়হীনতা পরিলক্ষিত হচ্ছে, এমতাবস্থায় চলমান কাজের মান নিয়ন্ত্রণ, পরিমাপ সঠিককরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাউন্সিলরের সম্পৃক্ততার প্রয়োজন রয়েছে। সমাপ্ত কাজের বিল পরিশোধের পূর্বে সংশ্লিষ্ট কাউন্সিলরের নিকট হতে কাজের মান ও পরিমাপ সম্বলিত প্রত্যয়ন গ্রহণের ব্যবস্থা করলে কাজের মান ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব। উপস্থিত সদস্যগণ তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন কার্য সম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরের সাথে সমন্বয় সাধন করবেন এবং সমাপ্ত কাজের বিল গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরের নিকট হতে কাজের মান ও পরিমাপ সম্পর্কে প্রত্যয়ন গ্রহণ বাধ্যতামূলক করা হলো মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**আলোচ্যসূচি- ২০ : আর্কাইভ হেরিটেজ এর অনুদান বৃদ্ধিকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে সভাপতি সভাকে অবহিত করেন যে, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির গত ১৯-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা ০৫-০৪-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার ১১নং সুপারিশ যা গত ০৭.০৪.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশন সভায় অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের আলোকে আর্কাইভ হেরিটেজ এর রক্ষনাবেক্ষণ ও পরিচালন ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাসিক আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে। উল্লিখিত অর্থে তাদের ব্যয় সংকুলান করা সম্ভব হচ্ছেনা বিধায় প্রতিমাসে ১০০০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের জন্য উক্ত প্রতিষ্ঠানের পক্ষ হতে অনুরোধ জানিয়েছে। এমতাবস্থায় রাজশাহীর একমাত্র আর্কাইভ হেরিটেজ কে প্রতি মাসে ১০০০০০/- টাকা মার্চ ২০২৪ হতে অনুদান প্রদানের প্রস্তাব করেন। উপস্থিত সদস্যগণ তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহীর একমাত্র আর্কাইভ হেরিটেজ কে মার্চ - ২০২৪ হতে প্রতি মাসে ১০০০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব ও বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ২১ : রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে সভাপতি সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের বর্তমান এরিয়া ৪৮.৪০ ব:কি:। জনসংখ্যা প্রায় ১০.০০ লক্ষ। রাজশাহী সিটি কর্পোরেশন নাগরিক সেবা প্রদানে প্রতিশ্রুতবদ্ধ একটি স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠান। দ্রুত নগরায়নের প্রেক্ষিতে নগরীতে জনসংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির হার প্রায় ৫.৯০%। ক্রমবর্ধমান জনসংখ্যার প্রেক্ষিতে সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা সুষ্ঠুভাবে প্রদান বিঘ্নিত হচ্ছে। নিত্যনতুন নাগরিক চাহিদা পূরণে সিটি কর্পোরেশনের নাগরিক সেবা প্রদান বিকেন্দ্রীকরণ করা প্রয়োজন। ইতিমধ্যে সরকার সিটি কর্পোরেশন -কে ৪টি অঞ্চলে বিভক্ত করেছে। দ্রুত নগরায়নের প্রক্রিয়ায় সিটি কর্পোরেশন এলাকায় ব্যাপক হারে আবাসিক বাড়ী-ঘর, কলকারখানা, বাণিজ্যিক ভবন ইত্যাদি অবকাঠামো নির্মিত হচ্ছে। অবকাঠামো নির্মাণের প্রেক্ষিতে নগর এলাকায় ফাঁকা ভূমি ক্রমশই হ্রাস পাচ্ছে। তাছাড়াও নগরায়নের প্রেক্ষিতে নতুনভাবে রাস্তা, নর্দমা, ফুটপাত, আলোকায়ন ইত্যাদি নাগরিক সেবা প্রদানের ক্ষেত্র বৃদ্ধি পাচ্ছে। পরিকল্পিত নগরায়নে বর্তমানে সিটি কর্পোরেশনের এরিয়া বর্দ্ধিত করা একান্ত প্রয়োজন। বিগত পরিষদের সিদ্ধান্তক্রমে পবা, চারঘাট, ও পুঠিয়া উপজেলার কিছু অংশ নিয়ে মোট ৩১৭.১৪ ব:কি: সিটি এরিয়া বর্দ্ধিতকরণে একটি প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে বিগত ০৭.০৭.২০১৯ ইং তারিখে ৪৬.৩১২.০০০০.০০৩. ৫৮.৪৩৭.১৯.১৩২২ স্মারকে দাখিল করা হয়। কিন্তু বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির কারণে সিটি এরিয়া বর্দ্ধিত করণের প্রস্তাব অনুমোদনের প্রক্রিয়া বন্ধ

হয়ে যায়। বিগত সিটি নির্বাচনে জনসাধারণের নিকট সিটি এরিয়া বর্দ্ধিতকরণের অংগীকার ছিল। সে প্রেক্ষাপট বিবেচনায় সিটি এরিয়া বর্দ্ধিতকরণের প্রস্তাবিত এলাকা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে চারঘাট ও পুঠিয়া উপজেলার অংশ প্রস্তাবিত সিটি এরিয়া হতে বাদ দেয়া হয়েছে। বর্তমানে পবা উপজেলার প্রায় সকল অংশ নিয়ে সিটি এরিয়া বদ্ধিতকরণের একটি সংশোধিত প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। বর্দ্ধিত এলাকা অন্তর্ভূক্তিসহ প্রস্তাবিত সিটি এরিয়া মোট ৩৪২.৯৮ ব:কি:। সভাপতি উল্লিখিত বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। আলোচনায় অংশগ্রহণ করে প্যানেল মেয়র -১ ও ২১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর বলেন; সিটি এরিয়া বর্দ্ধিতকরণের প্রস্তাবটি অত্যান্ত সময়োচিত পদক্ষেপ। পরিকল্পিত মহানগরী গড়ে তোলার লক্ষ্যে সিটি এরিয়া বর্দ্ধিতকরণ আবশ্যক। বর্দ্ধিত এলাকায় নতুন নতুন সড়ক, নর্দমা ও বিভিন্ন অবকাঠামো উন্নয়ন করার সুযোগ সৃষ্টি হবে। অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বর্দ্ধিত সিটি এলাকায় কলকারখানা, শিল্প প্রতিষ্ঠান ও বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠান চালু হবে। ফলে নগরীতে বর্দ্ধিত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বিস্তারিত আলোচনায় বিষয়টি অনুমোদনের পক্ষে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত নগরায়নের প্রেক্ষাপট বিবেচনায় এবং ক্রমবর্ধমান জনসংখ্যার নাগরিক চাহিদা পূরণে বর্তমান সিটি এরিয়া ৪৮.৪০ ব:কি:সহ প্রস্তাবিত মোট ৩৪২.৯৮ ব:কি: এরিয়া বর্দ্ধিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত অনুমোদনে দ্রুত স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব দাখিল করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। **বাস্তবায়নে :** সচিব ও প্রধান নগর পরিকল্পনাবিদ, রাসিক।

বিবিধ প্রসঙ্গে কোন আলোচনা উত্থাপিত না হওয়ায় সচিব বলেন; গৃহীত সিদ্ধান্ত প্রচলিত আইনের সাথে সামঞ্জস্যমূলক হতে হবে। বিধি বহির্ভূত কোন সিদ্ধান্ত ভুলক্রমে গৃহীত হলে তা অকার্যকর এবং বাতিল বলে গণ্য হবে। সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন; প্রতিটি আলোচ্যসূচির বিপরীতে গঠনমূলক পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় বিধিবিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ নিশ্চিত করতে হবে। উন্নয়ন কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সভায় দৃষ্টি আকর্ষণ করে উপস্থিত সকলকে দীর্ঘক্ষণ সভায় কার্যকর অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।